**ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়ের জন্য কার্যকরী ব্যবস্থাপনার পঞ্চম বৈঠক**

ভারত-চিন সীমান্ত বিষয়ের পরামর্শ সংকারান্ত এবং সমন্বয়ের জন্য গঠিত কার্যকরী ব্যবস্থাপনার পঞ্চম বৈঠক ১০ ফেব্রুয়ারি ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্টিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন যুগ্ম সচিব(পূর্ব এশিয়া) এবং প্রতিনিধিদলে পররাষ্ট্র,প্রতিরক্ষা ও স্বরাষ্ট্রমন্ত্রকের প্রতিনিধিরা ছাড়াও ভারতীয় স্থলসেনা এবং ইন্দো-তিবেত সীমান্ত পুলিশের সদস্যরা ছিলেন। চিনা প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিদেশমন্ত্রকের সীমান্ত ও সামুদ্রিক বিষয় বিভাগের ডিরেকটার জেনারেল মিঃ ওইয়াং উজিং। প্রতিনিধিদলে ছিলেন বিদেশ মন্ত্রক এবং জাতীয় প্রতিরক্ষা বিভাগের প্রতিনিধিরা।

বৈঠকটি অত্যন্ত খোলামনা,গঠনমুলক এবং অগ্রগতিসুচক পরিবেশে অনুষ্ঠিত হয়। তাঁরা পশ্চিম সেকটার সহ ভারত-চিন সীমান্ত এলাকার সাম্প্রতিক ঘটনাবলীর পর্যালোচনা করেন। সীমান্ত প্রতিরক্ষা সহযোগিতা চুকতি(বিডিসিএ),অতিরিকত আস্থাবর্ধক পদক্ষেপ এবং শান্তি ও স্থিরতা রক্ষার জন্য পরবর্তী পদক্ষেপ নেওয়া বিষয়ে বৈঠকে আলোচনা হয়।

কার্যকরী ব্যবস্থাপনার ষষ্ঠ বৈঠক উভয়ের সম্মতিতে গৃহীত সময়ে অনুষ্ঠিত হবে।

**নয়াদিল্লি**

**১০ ফেব্রুয়ারি ,২০১৪**